# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৫৭টি প্রতিষ্ঠানকে ৩.৬৮ লক্ষ টাকা জরিমানা

**২১ নভেম্বর ২০১৬ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, অন্যান্য বিভাগীয় ও জেলা কার্যালয়ের ২১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, জামালপুর, নারায়ণগঞ্জ, শরীয়তপুর, রাজবাড়ী, নেত্রকোণা, পঞ্চগড়, বরিশাল, লক্ষ্মীপুর, নওগাঁ, পাবনা, মৌলভীবাজার, রাজশাহী, কুষ্টিয়া, নাটোর, সিলেট, খুলনা ও মাগুরায় আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর লালবাগ এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে জান্নাত রেস্তোরাকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর শাহবাগ এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ইয়ামেনি রেস্তোরাকে **৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর বংশাল এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা, জামালপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে জামালপুরের দেওয়ানগঞ্জ উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জ সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে শরীয়তপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১০,২০০/- (দশ হাজার দুইশত)** টাকা, নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণার আটপাড়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকাসহ মোট **৮৪,২০০/- (চুরাশি হাজার দুইশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের হিজলা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে লক্ষ্মীপুরের রামগতি উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর রাণীনগর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌলার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২২,০০০/- (বাইশ হাজার)** টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর পবা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়ার মিরপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফারুক আহমেদের নেতৃত্বে নাটোরের বাগাতিপাড়া উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেটের দক্ষিণ সুরমা থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেট সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনার বিভিন্ন এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার)** টাকা এবং মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে মাগুরা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **১,৯১,০০০/- (এক লক্ষ একানব্বই হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, ওজনে কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি ও খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের উপ-পরিচালক মোঃ গোলাম আজম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Yantai Chinese & Thai Restaurant কে ৪,০০০/- **(চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক প্রনব কুমার প্রামানিক কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চিলেকোঠা রেস্তোরা, তেহারি ঘর, হেলভেটিয়া রেস্তোরা, DROOM ও পাপরিকা রেস্তোরাকে যথাক্রমে **২,০০০/- (দুই হাজার)** টাকা, **৪,০০০/- (চার হাজার)** টাকা, **১০,০০০/- (দশ হাজার)** টাকা, **৮,০০০/- (আট হাজার)** টাকা ও **৪,০০০/- (চার হাজার)** টাকা এবং প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে লাকী এক্সপ্রেসকে **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৬ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌলা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বনলতা কফি সপকে ৪,০০০/- **(চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়।

আজকের **২১টি** বাজার তদারকি ও **৮টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৫৭টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৬৮,২০০/- (তিন লক্ষ আষট্টি হাজার দুইশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৮ জন** অভিযোগকারীকে মং **৯,৫০০/- (নয় হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ২০ নভেম্বর ২০১৬ তারিখে অভিযোগ শুনানীর মাধ্যমে উপ-পরিচালক, শাহীন আরা মমতাজ কর্তৃক ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে স্বপ্ন সুপার সপ, ফুড ভ্যালু, পেদা টিংটিং, তুন্দরী রেস্টুরেন্ট ও আলমস রেস্তোরা এন্ড মিনি চাইনজকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা, **৩,০০০/- (তিন হাজার)** টাকা, **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **১৭,০০০/- (সতের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৫ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,২৫০/- (চার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান এবং উপ-পরিচালক, মোঃ আবদুল মজিদ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে হোটেল পূর্বানী ইন্টাঃ লিঃকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, জেলা বাজার পরিদর্শক, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, মৎস্য কর্মকর্তা, সিভিল সার্জনের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, জামালপুর, নারায়ণগঞ্জ, শরীয়তপুর, রাজবাড়ী, নেত্রকোণা, পঞ্চগড়, বরিশাল, লক্ষ্মীপুর, নওগাঁ, পাবনা, মৌলভীবাজার, রাজশাহী, কুষ্টিয়া, নাটোর, সিলেট, খুলনা ও মাগুরা।
৭। পুলিশ সুপার, ঢাকা, জামালপুর, নারায়ণগঞ্জ, শরীয়তপুর, রাজবাড়ী, নেত্রকোণা, পঞ্চগড়, বরিশাল, লক্ষ্মীপুর, নওগাঁ, পাবনা, মৌলভীবাজার, রাজশাহী, কুষ্টিয়া, নাটোর, সিলেট, খুলনা ও মাগুরা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।